



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ-কৃষি শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www. bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.১৯.০০১.১৯-০১

তারিখ : ০২/০১/২০১৯ খ্রিঃ

ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/এগ্রিকালচার/ফিসারিজ/লাইভস্টক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৬ জানুয়ারি ২০১৯ খ্রিঃ হতে ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন লাইভস্টক শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত/অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষা সুষ্ঠুভাবে ও সুন্দর পরিবেশে গ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে :

১. পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী এর পর পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হলে উক্ত পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, পর্ব, টেকনোলজি ও বিলম্বের কারণ উল্লেখ করে একটি রেজিস্টারে এন্ট্রি করে রাখতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন বোর্ডকে অবহিত করতে হবে।
২. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. ট্রেজারি/থানা লকার হতে প্রতিদিনের/শিফটের প্রশ্নপত্র কেন্দ্রে আনায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বোর্ড প্রতিনিধি (ট্যাগ অফিসার) এবং কর্তব্যরত পুলিশ ফোর্স সংগে থাকতে হবে।
৪. পরীক্ষা চলাকালীন সময়ে ও এর আগে -পরে (পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে) পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এ সময়ে পরীক্ষা কেন্দ্রের প্রবেশকৃত অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. অনিবার্য কারণে কোন পরীক্ষা বিলম্বে শুরু হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের সে সময় থেকে যথার্থিতি প্রশ্নপত্রে উল্লেখিত নির্ধারিত সময় দিতে হবে।
৬. পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে তল্লাশী করার মাধ্যমে নিশ্চিত হতে হবে যে, তার নিকট অননুমোদিত সামগ্রী (মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস/কাগজপত্র ইত্যাদি) নেই।

উল্লেখিত নির্দেশনাবলী ছাড়াও পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

(ড. প্রকৌ: সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ০২-৯১১৩২৮৩

তারিখ : ০২-০১-২০১৯খ্রিঃ

স্মারক নং ৫৭.০০০০.৩১২.১৯.০০১.১৯-০১(৩৩৯)

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হ'লঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়]
- ২। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

- ৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫। পরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা।
৬-০৯। সচিব/পরিচালক (কারিকুলাম)/ পরিদর্শক/পরিচালক (শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (প্রশিক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
১১-৩৬২। অধ্যক্ষ/পরিচালক.....সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি টেক্সটাইল, এগ্রিকালচার ও ফিসারিজ ইন্সটিটিউট
৩৬৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাকশিবো, ঢাকা।(বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩৬৪-৩৬৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(গোপনীয়)/কারিকুলাম বিশেষজ্ঞ-(টেক্সটাইল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৬৬। উপ-পরিচালক-(হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৬৭। প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৬৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৩৯। নথি।



(মোহাম্মদ আলী মিয়া)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি ও টেক্সটাইল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ০২-৪৮১১০৯৪৯